১৫৭

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 14 NOV 1998 ...
পৃষ্ঠা ৪২ কলাম ... ৫ ...

রজত জয়ন্তী উদ্বোধনী অনুষ্ঠানে উপাচার্য

# জাদুঘর সত্যানুসন্ধানী প্রজন্মের জন্য সহায়ক ভূমিকা রাখিবে

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় জাদুঘর প্রতিষ্ঠার ৩৫ বছর পূর্তি উপলক্ষে গত রবিবার গ্রন্থাগার সম্মেলন কক্ষে পাঁচ দিনব্যাপী অনুষ্ঠান মালার উদ্বোধনকালে উপাচার্য প্রফেসর আবদুল মান্নান বলেন, শিক্ষা ও গবেষণা কার্যক্রমে ইতিহাসের শিক্ষার্থী ও গবেষকদের সহায়তা প্রদানের উদ্দেশ্যে প্রতিষ্ঠিত এই জাদুঘর সত্যানুসন্ধানী প্রজন্মের জন্য বিরাট সহায়ক ভূমিকা রাখিবে।

রজত জয়ন্তীর এই উদ্বোধনী অনুষ্ঠানে শুভেচ্ছা বক্তব্য রাখেন উপমহাদেশের বিশিষ্ট মুদ্রাতত্ত্ববিদ বসন্ত চৌধুরী, মার্কিন যুক্তরাষ্ট্রের ইণ্ডিয়ানা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর ও আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন ফোকলোরবিদ হেনরি গ্লাসি এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালক শামসুজ্জামান খান।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে জাদুঘরের ভারপ্রাপ্ত অধ্যক্ষ শামসুল হোসাইন, প্রফেসর মোকাদ্দেসুর রহমান প্রমুখ বক্তব্য রাখেন।

জাদুঘরের রজত জয়ন্তীর স্মৃতিকে জাগরুক করিয়া রাখার লক্ষ্যে গ্রন্থাগার ও জাদুঘর চত্বরে একটি দুষ্প্রাপ্য গাছের চারা রোপণ করা হয়।

## ইমরাতুল নেসা স্কুলের উন্নয়নে ২৫ লক্ষ টাকা দানের প্রতিশ্রুতি

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম সিটি কর্পোরেশন নিয়ন্ত্রিত জালালাবাদ ওয়ার্ডের ইমারাতুন নেসা সিটি কর্পোরেশন বালিকা উচ্চ বিদ্যালয়ের সার্বিক উন্নয়নে কর্পোরেশন ২৫ লক্ষ টাকা ব্যয় করিবে। গত বুধবার সিটি কর্পোরেশন কার্যালয়ে ইমারাতুন নেসা বিদ্যালয় সংক্রান্ত এক বৈঠকে সিটি মেয়র আলহাজ্ব এবিএম মহিউদ্দিন চৌধুরী এই প্রতিশ্রুতি প্রদান করেন। বৈঠকে ওয়ার্ড কমিশনার আবদুল কাদের মিলন, প্রধান শিক্ষা কর্মকর্তা কৃষ্ণপদ চৌধুরী, বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা লিলিরাণী দেবী, রোকসানা বেগম, ইশরাত জাহান, হালিমা বেগমসহ সংশ্লিষ্টরা উপস্থিত ছিলেন।

# 'জাতির এই ক্রান্তিলগ্নে শিক্ষিত সমাজের ঐক্য খুবই প্রয়োজন'

চট্টগ্রাম অফিস ।। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় প্রাক্তন ছাত্র-ছাত্রী পুনর্মিলনী উদযাপন কমিটির সভায় বক্তারা শিক্ষিত সমাজকে জাতির বিবেক উল্লেখ করিয়া বলেন, দেশ ও জাতির বর্তমান ক্রান্তিলগ্নে শিক্ষিত সমাজের ঐক্যের খুবই প্রয়োজন। একমাত্র ঐক্যবদ্ধ শিক্ষিত সমাজই দেশ ও জাতির দুর্দিনে সুফলপ্রদ দিক নির্দেশনা দিতে পারে। তাহারা সম্মিলিতভাবে পুনর্মিলনী অনুষ্ঠানকে সুন্দর ও সার্থক করিয়া সম্প্রীতি ও ভ্রাতৃত্ববোধের পরিচয় দেওয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানান।

চ,বি, ৮২ ব্যাচের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের পুনর্মিলনী কমিটির উদ্যোগে সম্প্রতি ধনিয়ালা পাড়া পৌর বাণিজ্য বিতানের অস্থায়ী কার্যালয়ে অনুষ্ঠিত এই সভায় পুনর্মিলনী অনুষ্ঠান উদ্‌যাপনের মাধ্যমে যোগাযোগের সেতু প্রতিষ্ঠার ও অতীত স্মৃতি পুনরুজ্জীবিত করার প্রতি গুরুত্বারোপ করিয়া বক্তৃতা করেন জাহেদুল ইসলাম, অধ্যাপক মুস্তাফা শামীম আল যুবায়ের, এস, এম, জাকের হোসাইন, জসিম উদ্দিন মাহমুদ, শীলব্রত বড়ুয়া, মোহাম্মদ সেলিম, ঝুলন বিশ্বাস, নুরুল আলম সিকদার প্রমুখ। সভাপতিত্ব করেন আহ্বায়ক শওকত হোসেন বাবুল।

## শিক্ষার মানোন্নয়নে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান

চট্টগ্রাম অফিস ।। সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট নেতৃবৃন্দ মৌলিক অধিকার শিক্ষার সঙ্কট বৃদ্ধিতে গভীর উদ্বেগ প্রকাশ করিয়া বলেন, স্কুলে সীমিত আসন, শিক্ষা উপকরণের আকাশচুম্বী মূল্য, ভাল পাঠাগারের অভাব, শিক্ষকদের প্রাইভেট পড়ানোর প্রবণতা ইত্যাদি সবকিছুই শিক্ষার মানকে ক্ষতিগ্রস্ত করিতেছে। অবনতিশীল এই শিক্ষার মান উন্নয়নে এখনই প্রয়োজন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করার। চট্টগ্রাম নগর শাখার উদ্যোগে গত রবিবার সংগঠন কার্যালয়ে স্কুল ছাত্রদের এক প্রতিনিধি সভায় বক্তারা একথা বলেন, রোকনউদ্দিনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় খালেকুজ্জামান লিপন, সুজন দত্ত, ধ্রুব জ্যোতি প্রমুখ সভায় বক্তৃতা করেন।